গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ**
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই, ১৩বি, ২য় তলা, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
ওয়েব সাইট: www.pppo.gov.bd

**বিষয়: পিপিপি কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ষান্মাসিক (জুলাই/২০২২-ডিসেম্বর ২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত এপিএ টিমের সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব প্রনব কুমার ঘোষ
: মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)
: পিপিপি কর্তৃপক্ষ
ও
এপিএ টিম লিডার
সভার তারিখ ও সময়: ১৮.১২.২০২২ খ্রিঃ বেলা ১১.৩০ টা
স্থান : পিপিপি কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, পিপিপি কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ৩০ জুন ২০২২ তারিখে স্বাক্ষরিত হয়েছে। পিপিপি কর্তৃপক্ষের এপিএ ষান্মাসিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত এপিএ টিমের সভা আয়োজন করা হয়েছে। এপিএ ফোকাল পয়েন্ট পরিচালক (প্রশাসন) জানান, পিপিপি কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রাসমূহের ৩০ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ১৬ টি কার্যক্রম এবং ২৬ টি কার্যসম্পাদন সূচক অন্তর্ভুক্ত আছে। উক্ত ২৬ টি কার্যসম্পাদন সূচকের মধ্যে ৮ টি সূচকে ৫০% এর বেশি অগ্রগতি, ৬ টি সূচকে ৫০% এর কম অগ্রগতি এবং অবশিষ্ট ১২ টি সুচকে কোন অগ্রগতি নেই। সভাপতির অনুমতিক্রমে জনাব মো: ইমতিয়াজুল হাসান মজুমদার, পিপিপি স্পেশালিষ্ট ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন এবং নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **APA বাস্তবায়ন প্রতিবেদন** | | | | |
| ১. | [১.১.১] প্রজেক্ট স্ক্রিনিং এ ব্যয়িত সময় | লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হয়েছে। এ অর্থবছরে স্ক্রিনিং এর জন্য এ পর্যন্ত ২ টি প্রস্তাব পাওয়া গিয়েছে যার স্ক্রিনিং এপিএ র লক্ষ্যমাত্রা অনুযায়ী ৯ দিনের মধ্যে সম্পন্ন হয়েছে। সভাপতি পরবর্তিতে প্রাপ্ত প্রস্তাবসমুহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। | এধারা অব্যাহত রাখতে হবে এবং পরবর্তীতে প্রাপ্ত প্রস্তাবসমুহ নির্ধারিত সময়ের মধ্যে স্ক্রিনিং এর বিষয়ে সচেতন থাকতে হবে। | পরিচালক (অর্থ) |
| ২. | [১.১.২] সিসিইএ নীতিগত অনুমোদনপ্রাপ্ত প্রকল্প | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | এধারা অব্যাহত রাখতে হবে। | |

| ক্রমিক | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩. | [১.২.১] পিপিপিটিএএফ সভা আয়োজনে ব্যয়িত সময় | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। পিপিপিটিএএফ সভার জন্য এপর্যন্ত ১ টি প্রস্তাব পাওয়া গিয়েছে যা নির্ধারিত ৩ সপ্তাহ সময়ের মধ্যে সম্পন্ন করা হয়। | এ ধারা অব্যাহত রেখে পিপিপিটিইফ সভার জন্য প্রাপ্ত প্রস্তাবসমুহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | পরিচালক (অর্থ) |
| ৪. | [১.৩.১] পরামর্শক প্রতিষ্ঠান/ পরামর্শক নিয়োগে ব্যয়িত সময় | লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ২ জন পরামর্শক নিয়োগ করা হয়েছে। | এধারা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (ইঞ্জিনিয়ারিং)/পরিচালক (প্রশাসন) |
| ৫. | [১.৩.২] পরামর্শক প্রতিষ্ঠান/ পরামর্শক | ৩ টি পরামর্ক প্রতিষ্ঠান/পরামর্শক নিয়োগ লক্ষ্যমাত্রার বিপরীতে ২ জনকে নিয়োগ করা হয়েছে। পরিচালক (প্রশাসন) জানান। ২ জন জুনিয়র পরামর্শক নিয়োগের কার্যক্রম চলমান আছে যা স্বল্প সময়ের মধ্যে সম্পন্ন হবে । | অবশিষ্ট ১ টি পরামর্শক প্রতিষ্ঠান/পরামর্শক নিয়োগ ৩০ জুনের মধ্যে সম্পন্ন করতে হবে। | পরিচালক (ইঞ্জিনিয়ারিং)/পরিচালক (প্রশাসন) |
| ৬. | [১.৪.১] ফিজিবিলিটি রিপোর্ট যাচাই এ ব্যয়িত সময় | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) জানান, ১ টি প্রকল্পের ফিজিবিলিটি রিপোর্ট পাওয়া গিয়েছে এবং নির্ধারিত সময় ২ মাসের মধ্যে সেটি যাচাইয়ের জন্য সভা আহ্বান করে যাচাই করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে মধ্যে প্রাপ্ত ফিজিবিলিটি রিপোর্ট যাচাই করতে হবে। | পরিচালকবৃন্দ |
| ৭. | [১.৪.২] যাচাইকৃত ফিজিবিলিটি রিপোর্ট | ২ টি লক্ষ্যমাত্রার বিপরীতে ১ টি অর্জিত হয়েছে। | অবশিষ্ট ১ টি লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | পরিচালকবৃন্দ |
| ৮. | [১.৫.১] বিড ডকুমেন্ট যাচাই এ ব্যয়িত সময় | কোন বিড ডকুমেন্ট পাওয়া যায় নি বিধায় লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।তবে অর্থবিভাগ হতে গাবতলী-নবীনগর প্রকল্পের ভিজিএফ প্রস্তাব অনুমোদিত হলে বিড ডকুমেন্ট যাচাই করা হবে। | অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে । | পরিচালক (প্রশাসন) |
| ৯. | [১.৫.২] যাচাইকৃত বিড ডকুমেন্ট | কোন বিড ডকুমেন্ট পাওয়া যায় নি বিধায় লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।তবে অর্থবিভাগ হতে গাবতলী-নবীনগর প্রকল্পের ভিজিএফ প্রস্তাব অনুমোদিত হলে বিড ডকুমেন্ট যাচাই করা হবে।সেক্ষেত্রে ১ টি লক্ষ্যমাত্রা অর্জিত হবে । | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | সকল পরিচালক |
| ১০. | [১.৬.১] যৌথ প্লাটফর্ম সভা আয়োজন | ৬ টি লক্ষ্যমাত্রার বিপরীতে ১ টি লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে আরও ৫ টি যৌথ প্লাটফরম সভা আয়োজন করতে হবে। | শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে আরও ৫ টি যৌথ প্লাটফরম সভা আয়োজন করতে হবে। | পরিচালক (আইপি) |
| ১১. | [১.৬.২] যৌথ প্লাটফর্ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | পরিচালক (আইপি) জানান, বাংলাদেশ-জাপান যৌথ প্লাটফরম | এপিএর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাংলাদেশ-জাপান যৌথ | পরিচালক (আইপি) |

| ক্রমিক | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সভার বেশ কিছু সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়ন হয়েছে। সভাপতি এপিএর লক্ষ্যমাত্রা অনুযায়ী ৯০% সিদ্ধান্ত বাস্তবায়ন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানান। | প্লাটফরম সভার ৯০% সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন করতে হবে। | |
| ১২. | [১.৭.১] ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়ের সাথে উদ্বুদ্ধকরণ সভা | মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং এন্ড মাল্টিসেক্টোরাল) জানান, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নে জিইডির সাথে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। পরিচালক (প্রশাসন) বলেন, আগামী ২১ ডিসেম্বর ২০২২ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে এবিষয়ে একটি সভা অনুষ্ঠিত হবে। | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে বিভিন্ন সংস্থা/মন্ত্রণালয়ের সাথে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করতে হবে। | সকল পরিচালক |
| ১৩. | [১.৭.২] সভা হতে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়নের হার | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়ের সাথে অনুষ্ঠিত উদ্বুদ্ধকরণ সভা হতে প্রাপ্ত সিদ্ধান্তসমুহ বাস্তবায়নের কোন প্রতিবেদন এখনও পাওয়া যায়নি। এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়ের সাথে অনুষ্ঠিত উদ্বুদ্ধকরণ সভা হতে প্রাপ্ত সিদ্ধান্তসমুহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ১৪. | [২.১.১] আন্তর্জাতিক পিপিপি ইনভেস্টমেন্ট প্রমোশন কার্যক্রম | ৪ টি লক্ষ্যমাত্রার বিপরীতে ১ টি অর্জিত হয়েছে। আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে আরও ৩ টি আন্তর্জাতিক পিপিপি ইনভেস্টমেন্ট প্রমোশন কার্যক্রম গ্রহণ করতে হবে। | শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনে আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে আরও ৩ টি আন্তর্জাতিক পিপিপি ইনভেস্টমেন্ট প্রমোশন কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (আইপি) |
| ১৫. | [২.১.২] স্থানীয় পিপিপি ইনভেস্টমেন্ট প্রমোশন কার্যক্রম | ১৬ টি লক্ষ্যমাত্রার বিপরীতে ৩ টি অর্জিত হয়েছে। ২য় ত্রৈমাসিকে খুলনাতে একটি ইনভেস্টমেন্ট কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। এসংক্রান্ত তথ্য সরবরাহের জন্য পরিচালক (অর্থ) কে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | স্থানীয় ইনভেস্টমেন্ট প্রমোশন কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (আইপি) |
| ১৬. | [২.২.১] স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের সংখ্যা | ৪০ টি লক্ষ্যমাত্রার বিপরীতে ২৭ টি লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে এবং অবশিষত লক্ষ্যামত্রা অর্জনের জন্য সচেষ্ট থাকতে হবে। | পরিচালক (আইপি) |
| ১৭. | [২.৩.১] পিপিপি প্রশিক্ষণ আয়োজিত | শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | | |
| ১৮. | [২.৩.২] অংশগ্রহণকারীর সংখ্যা | লক্ষ্যমাত্রার ৮১% অর্জিত হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাকীটা অর্জিত হবে। | নির্ধারিত ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (আইপি) |

| ক্রমিক | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৯. | [২.৪.১] কনফারেন্সে অংশগ্রহণ | ১২ টি বিপরীতে ৪ টি লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং এন্ড মাল্টিসেক্টোরাল) কনফারেন্সগুলোতে অংশগ্রহণ করেছেন। সভাপতি তাকে কনফারেন্সগুলোতে অংশগ্রহণ সংক্রান্ত প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করেন। | কনফারেন্সগুলোতে অংশগ্রহণ সংক্রান্ত প্রতিবেদন প্রদান করতে হবে। | মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং এন্ড মাল্টিসেক্টোরাল) |
| ২০. | [৩.১.১] পিপিপি প্রকল্পের স্ট্যান্ডার্ড ডকুমেন্ট সংশোধনের জন্য দাখিল করা | এ পর্যন্ত কোন লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। তবে পরিচালক (আইপি) জানান, এডিবির সহায়তায় পিপিপি প্রকিউরমেন্ট গাইডলাইনে জলবায়ু পরিবর্তন বিষয়কে অনর্ভূক্ত করে প্রকিউরমেন্ট গাইডলাইনটি সশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | পিপিপি প্রকিউরমেন্ট গাইডলাইনে জলবায়ু পরিবর্তন বিষয়কে অনর্ভূক্ত করে প্রকিউরমেন্ট গাইডলাইনটি সংশোধনের প্রস্তাব অনুমোদনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | পরিচালক (আইপি) |
| ২১. | [৩.২.১] পিপিপি সংক্রান্ত গাইডলাইন অনুমোদনের জন্য দাখিল করা | কোন অর্জন নেই | | |
| ২২. | [৩.২.২] বাস্তবায়ন অযোগ্য পিপিপি প্রকল্প সিসিইএ হতে প্রত্যাহারের সুপারিশ প্রেরণ | ৪ টি লক্ষ্যমাত্রার বিপরীতে ১ টি প্রকল্প সিসিইএ হতে প্রত্যাহারের জন্য সুপারিশ করা হয়েছে। | প্রকল্প রিভিউ সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অযোগ্য পিপিপি প্রকল্প সিসিইএ হতে প্রত্যাহারের সুপারিশ প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ২৩ | [৪.১.১] পিপিপি এক্সপার্ট প্রশিক্ষণ | পরিচালক (আইপি) জানান, কোন লক্ষ্যমাত্রা অর্জন না হলেও নির্ধারিত ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী পিপিপি এক্সপার্ট প্রশিক্ষণ সম্পন্ন করা যাবে। | নির্ধারিত ৩০জুন ২০২৩ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী পিপিপি এক্সপার্ট প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | পরিচালক (আইপি) |
| ২৪. | [৪.২.১] সংশ্লিষ্ট স্টেকহোল্ডার কনসাল্টেশন | কোন অর্জন নেই। | পিপিপি প্রকল্পের সাথে জলবায়ু পরিবর্তন ইন্টিগ্রেশনের লক্ষ্যে স্টেকহোলদার কনসাল্টেশনের জন্য জরুরীভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (আইপি) |
| ২৫. | [৪.৩.১] রিভিউ সভা | ১ টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং আগামী ২১ ডিসেম্বর ২০২২ তারিখে আরও ১ টি সভা অনুষ্ঠিত হবে। | পরিচালকগণ তাদের নিয়ন্ত্রণকারী মহাপরিচালকগণের সভাপতিত্বে নিয়মিত প্রকল্প রিভিউ সভা করবেন। | পরিচালক (সকল) |

| ক্রমিক | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২৬। | [৪.৩.২] সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার | কোন অর্জন নেই। | সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ২৭। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিচালক (ইঞ্জিনিয়ারিং) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যামত্রা অনুযায়ি স্টেকহোল্ডার সভা, শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়নি। সভাপতি এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা, শুদ্ধাচার প্রশিক্ষণ, স্টেকহোল্ডার সভা আয়োজন করতে হবে। আগামি ১০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) |
| ২৮। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা | ইনোভেশন কমিটির কমিটির সদস্য সচিব পরিচালক (পিএমএফ) জানান, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ১টি কর্মশালা অনুষ্ঠিত হলেও এ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়নের কাজ চলমান আছে। এছাড়া, কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণের মধ্যে ১টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। | আগামি ২৯/১২/২০২২ তারিখের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রনয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, সেবা সহজীকরণ সহ লক্ষ্যমাত্রাসমুহ অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী ১০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (পিএমএফ) |
| ২৯। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব পরিচালক (আইপি) জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং আগামি সপ্তাহে স্টেকহোল্ডার সভা ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করে বাস্তবায়ন অগ্রগতি আগামি ১০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (আইপি) |
| ৩০। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা | পরিচালক প্রশাসন বলেন, এ কার্যালয়ে বর্তমান সময় পর্যন্ত কোন অভিযোগ দাখিল হয়নি। তবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জি আর এস সফটওয়্যার বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করে বাস্তবায়ন অগ্রগতি আগামী ১০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| ক্রমিক | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩১. | তথ্য অধিকার বার্ষিক কর্মপরিকল্পনা | পরিচালক (পিএমএফ) বলেন, আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যে স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য হালনাগাদের কার্যক্রম চলমান আছে। এছাড়া, তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুতের কাজও চলমান আছে এবং তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে ১ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্য স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এছাড়া, লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করে বাস্তবায়ন অগ্রগতি আগামি ১০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (পিএমএফ) |

সভাপতি পিপিপি কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল লক্ষ্যামত্রা অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট পরিচালকবৃন্দকে আরও যত্নশীল হওয়ার আহ্বান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
প্রনব কুমার ঘোষ
মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
এপিএ টিম লিডার
পিপিপি কর্তৃপক্ষ

নং- ০৩.১১.০০০০.৮৫৬.৯৭.০০১.২২(অংশ-১)- ১৭৭৯

তারিখ: ২৮ ডিসেম্বর ২০২২খ্রিঃ

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), প্রশাসন ও অর্থ, পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক (পিএন্ডআইপি)/(ইঞ্জিনিয়ারিং এবং লিগ্যাল), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/আইপি/অর্থ/ইঞ্জিনিয়ারিং/পিএমএফ), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তার একান্ত সচিব, পিপিপি কর্তৃপক্ষ আগারগাঁও, ঢাকা।
৫. পরামর্শক (সকল), পিপিপি কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
৬. অফিস কপি।

Nahar
28.12.2022
আক্তারুন্নাহার
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০০৭৪১৪
ই-মেইল: dadmin@pppo.gov.bd